

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/ ২৫৪

তারিখ: ০৬/০৮/২০২২


২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে কোটা মেধা তালিকায় নির্বাচিত এবং ২য় মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের
বিষয় পরিবর্তন সম্পর্কিত ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির জন্য কোটা মেধাতালিকায় স্থান
প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে অদ্য ০৬/০৮/২০২২ তারিখ দুপুর ২:০০ টা থেকে ১০/০৮/২০২২ তারিখ বিকেল
৪:০০ টা পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে:

স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতীত)

বি এ/ বি এস এস/ বি বি এ(অনার্স)	বি এস-সি(অনার্স)
মোট টাকা = ২৯১০/-	মোট টাকা = ৩০১০/-

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://app1.nu.edu.bd/> থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট <http://debendracollege.eshiksabd.com/> এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।
- Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:
Select Department (যে বিভাগে চাপপ্রাপ্ত)  Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
- ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999kb)। শিক্ষার্থীরা শুধু SSC এবং HSC পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।
- সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।
- অতঃপর বিকাশ/নগদ/ ট্যাপের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাস রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS - এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS - এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/ নগদ / ট্যাপ এ ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/ নগদ/ ট্যাপের অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt Debendra College সিলেক্ট করলে Bill Period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর শিক্ষার্থীদের করণীয়:

- পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০২ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম ০২ কপি) সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০:০০টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত) নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে:
ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসহ প্রতিটির ফটোকপি ০২ টি করে।
খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০২ টি করে।
গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাসের প্রশংসা পত্রের ফটোকপি ০২ টি
ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঞ্জীন ছবি।
ঙ) অনলাইনে (বিকাশ/নগদ/ট্যাপে) টাকা জমার রশিদের কপি।
চ) নাম, ক্লাস রোল, ভর্তিকৃত বিভাগ, সেশন, মোবাইল নম্বর ও স্থায়ী ঠিকানা সম্বলিত একটি বড় খাম(মূল নম্বরপত্র জমা রাখার জন্য)।
ছ) প্রাথমিক আবেদন ফরমের প্রবেশ পত্রের ফটোকপি- ১ টি।
- সেমিনার ফি: বি এ/ বি এস এস/ বি বি এ (অনার্স) শিক্ষার্থীদের ৪০০/-x৪=১৬০০/- (একহাজার ছয়শত টাকা) ও বি এস-সি (অনার্স) শিক্ষার্থীদের ৫৫০/-x৪=২২০০/- (দুই হাজার দুইশত টাকা) টাকা রসিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বিষয় পরিবর্তনের ক্ষেত্রে: ২য় মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে অবশ্যই পরিবর্তিত বিষয়ের ফরম ডাউনলোড করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। বিএ/বি এস এস/বি বি এ বিষয়ের যেসব শিক্ষার্থী বি এস-সি বিষয়ে বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে সেমিনার ও ল্যাব ফি বাবাদ রসিদের মাধ্যমে ৭০০/- (সাতশত টাকা) নতুন ভর্তিকৃত বিভাগে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

- শিক্ষার্থীরা যে মোবাইল নম্বর ফরম পূরণের সময় দিবে সেই নম্বরটি পরিবর্তন করতে পারবে না। কলেজ থেকে সকল যোগাযোগের জন্য এই নম্বরটি ব্যবহৃত হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর ড. মো: রেজাউল করিম)

আইডি নং- ২৫৩০

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।


আহবায়ক

স্নাতক(সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২২

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।